

**চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন**  
**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং ৩০/২০২১

তারিখঃ ০৮/০৪/২০২১খ্রিঃ।

**জরুরী বিজ্ঞপ্তি**

**বৈশ্বিক দুর্যোগকালে এসোসিয়েশন থেকে বৈধ সদস্যদেরকে আর্থিক সহযোগিতা**  
**ও সি এন্ড এফ টাওয়ারের শেয়ার সার্টিফিকেট প্রাপ্তদের লভ্যাংশ প্রদান সংক্রান্ত।**

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

সম্মানিত বৈধ সদস্য/সদস্যদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এসোসিয়েশন তহবিল হতে প্রত্যেক বৈধ সদস্য প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য কার্যনির্বাহী পরিষদের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২০/০৪/২০২১ইং তারিখ হতে চেক প্রদান করা হবে।

সি এন্ড এফ টাওয়ারের সম্মানিত শেয়ার সার্টিফিকেট প্রাপ্তদের প্রতি,

সি এন্ড এফ টাওয়ারের সম্মানিত শেয়ার সার্টিফিকেট প্রাপ্তদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কার্যনির্বাহী পরিষদের সভায় সার্টিফিকেট এর প্রকৃত মূল্যের উপর ৫০% হারে লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী ২০/০৪/২০২১ইং তারিখ হতে সি এন্ড এফ টাওয়ারের শেয়ার সার্টিফিকেট প্রাপ্তদের ২০২০ সালের লভ্যাংশের চেক প্রদান করা হবে।

সহযোগিতা ও লভ্যাংশের চেক গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার চেক গ্রহণ করতে পারবেন। কোন যুক্তিসংগত কারণে তাঁদের পক্ষে চেক গ্রহণ করা সম্ভব না হলে তাঁদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি ক্ষমতায়ন পত্র দাখিল সাপেক্ষে তা গ্রহণ করতে পারবেন। উভয় ক্ষেত্রে আলাদা আলাদা ক্ষমতাপত্র দাখিল করতে হবে। অফিস চলাকালীন সময়ে সকাল ১০ ঘটিকা হতে দুপুর ৩ ঘটিকার মধ্যে সরকারের স্বাস্থ্যবিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে চেক সংগ্রহ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে,



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন